

Module 7

সৃজনশীল উপায়ে দ্বন্দ্ব ব্যবস্থাপনা: দলের অভ্যন্তরে ও এর উর্ধ্বে বিভিন্ন পদক্ষেপের অনুসন্ধান

snapshot

স্পষ্টভাবে যোগাযোগ করা এবং দক্ষতার সাথে দ্বন্দ্ব মোকাবেলা করার জন্য আপনার বিকল্পগুলি প্রস্তুত এবং অনুশীলন করলে, তা আপনার মধ্যে আরও কার্যকর প্রশিক্ষক, সংগঠক এবং কর্মী হওয়ার ক্ষমতা তৈরি করতে সহায়তা করবে।

Introduction

অহিংস কর্মে নিযুক্ত হলেই যে আপনি সংঘাত থেকে রেহাই পাবেন, তা কিন্তু নয়। প্রকৃতপক্ষে, অন্যায় ও বিভেদের মোকাবেলায় অহিংস কর্মী হিসেবে কাজ করে আমরা যোগাযোগের সমস্যাগুলো সবচেয়ে ভালোভাবে আন্দাজ করতে পারি, কিন্তু সরাসরি আগ্রাসী আক্রমণ সম্পর্কে আগেভাগে জানান দেয়ার ক্ষেত্রে এটি খুব দুর্বল। তাই আমাদের কার্যকারিতা এবং নিরাপত্তার লক্ষ্যে দক্ষতার সাথে কাজে নেমে পড়ার জন্য প্রস্তুত থাকাটা আমাদের জন্য গুরুত্বপূর্ণ।

এই দ্বন্দ্ব শুধু আমাদের বিরোধীদের সাথেই নয়। সম্ভাব্য হোক, বিক্ষোভে হোক, প্রশিক্ষণে হোক, কিংবা বাড়িতে, আমাদের অন্যায় ক্ষমতার কাঠামোকে চ্যালেঞ্জ করার এবং পরিবর্তন করার কাজে দ্বন্দ্ব সৃষ্টি হতে পারে এবং হবে। আপনার মূল্যবোধের সাথে সামঞ্জস্য রেখে কাজ করার জন্য আপনার বিকল্পগুলি প্রস্তুত এবং সেগুলো অনুশীলন করলে তা আপনাকে আরও শক্তিশালী সংগঠন, সম্পর্ক এবং আরও কার্যকরী পদক্ষেপ ও প্রচারাভিযান গড়ে তুলতে সাহায্য করবে।

সৃজনশীল এবং কার্যকরভাবে দ্বন্দ্ব মোকাবেলা করার জন্য নির্দিষ্ট কিছু দক্ষতা এবং প্রচুর অনুশীলনের প্রয়োজন হয়। অনেক ম্যানুয়াল এবং প্রশিক্ষণ রয়েছে, যেগুলো আন্তঃব্যক্তিক থেকে শুরু করে আন্তঃসংগঠন, আনুষ্ঠানিক মধ্যস্থতা বা আলোচনায় দ্বন্দ্ব মোকাবেলার বিভিন্ন দিকের উপরে আলোকপাত করে। নিচের কাজগুলো অহিংস আন্দোলন প্রশিক্ষণ এবং কার্যকলাপগুলির সাথে সম্পর্কিত এই কাজের একটি নমুনা উপস্থাপন করে। আরও বিশদ উপকরণের জন্য “আরও তথ্য” দেখুন।

নিচের কাজগুলো একটি দলকে দ্বন্দ্ব নিরসনে ভালোভাবে কাজ করার জন্য প্রস্তুতি নিতে সাহায্য করার লক্ষ্যে বিভিন্ন কার্যকরী পদ্ধতিগুলির নকশা তৈরি করে, যার অর্থ সক্রিয় হবার ভয়গুলো অতিক্রম করা — যেমন, অনড় হয়ে যাওয়া (নড়াচড়া করতে না পারা), ভয় পাওয়া (ভয় পেয়ে কিছু করে ফেলা), পালানো (পালিয়ে যাওয়া), বা তোষামোদ করা (কোনো অন্যায় বা ভুল কাজকে সঠিক করার জন্য -----কে সন্তুষ্ট করা)।

সমস্ত পন্থা পরিস্থিতি মূল্যায়ন দিয়ে শুরু হয়, যেখানে জানতে চাওয়া হয় যে, আপনি আপনার সামনের ব্যক্তির সাথে এই মুহূর্তে কোন ধরনের সম্পর্ক স্থাপন করার চেষ্টা করছেন? সামনে আপনার সহকর্মী, আপনার বোন, পুলিশ অফিসার, আইন বিধানকারী, নিষ্ক্রিয় মিত্র, ব্যাক্স ম্যানেজার, নিরাপত্তারক্ষী- যেই থাক না কেন, এই ছোট্ট সম্পর্কের জন্য আপনার উদ্দেশ্য বা লক্ষ্যের উপর ভিত্তি করে কীভাবে সামনে এগিয়ে যেতে হবে, তার উপায় বেছে নিন।

এসব রোল প্লে অনুশীলনগুলির প্রত্যেকটির ক্ষেত্রে রোল প্লে-এর চেয়ে সংক্ষেপে মূল বিষয়গুলো তুলে ধরার পেছনে উল্লেখযোগ্যভাবে বেশি সময় ব্যয় করার জন্য প্রস্তুত থাকুন!

এখানে অনেক উপযুক্ত নিম্নলিখিত/স্মারক সরঞ্জামগুলির একটি আমাদের কাছে আছে, যা এসব কাজের সাথে প্রশিক্ষণার্থীদের পরিচিত করিয়ে দেয়ার ক্ষেত্রে তাদের সাথে শেয়ার করাটা কাজে আসতে পারে: **ABCs of Conflict Response** । যদিও এটি রাস্তায় সংঘটিত দ্বন্দ্বের কার্যকর মোকাবেলায় সহায়তা করার জন্য তৈরি করা হয়েছিল, তারপরেও এটি অন্যান্য অনেক পরিস্থিতিতেও ভালো কাজ করে:

ক - দৃশ্যটি মূল্যায়ন করুন, দ্বন্দ্ব চিহ্নিত করুন: কী ঘটছে? আপনি কী করতে পারেন? এক্ষেত্রে কী কী ঝুঁকি রয়েছে?

থ - শ্বাস নিন বা নিজের মধ্যে মনোযোগ কেন্দ্রীভূত করুন: মনোযোগ পুনরায় কেন্দ্রীভূত করুন এবং শান্ত হোন, ১০ পর্যন্ত গুনুন, আপনি এখানে কেন, তা স্মরণ করুন।

গ - আপনি জড়িত হবেন কিনা এবং হলে তা কিভাবে, সেটি নির্বাচন করুন। আপনার বিকল্পগুলির জন্য নীচে ঘ এবং ঙ দেখুন:

ঘ - গতি কমিয়ে আনুন: [De-Escalation Tips and Tools](#) থেকে ছয়টি 'ডি' বা অন্যান্য গতি কমানোর অনুশীলন ব্যবহার করুন। অথবা ...

ঙ - গতি বৃদ্ধি করুন- কিন্তু শুধুমাত্র যদি এটি আপনাকে আপনার লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করে, তবেই! আমরা সবাই জানি কিভাবে এটা করতে হয় ... কিন্তু সতর্ক থাকুন, কারণ একটি ক্রমবর্ধমান দ্বন্দ্ব সহিংসতার দিকে নিয়ে যেতে পারে।

একটি চূড়ান্ত নোট: **অনুশীলন করুন!** ভালো খবর হলো যে, কীভাবে একটি বিবাদময় পরিস্থিতি মোকাবেলা করা যায়, তা প্রত্যেকেই বেছে নিতে পারে এবং চাইলে তারা দ্বন্দ্বের গতি কমানোয় পারদর্শী হয়ে উঠতে পারে (অবশ্য আমাদের মধ্যে বেশিরভাগই ইতিমধ্যেই দ্বন্দ্বের গতি বৃদ্ধিতে বিশেষজ্ঞ!)। একজন পরিচালক/প্রশিক্ষক হিসাবে, কর্মসূচিতে প্রচুর অনুশীলনের সময় যোগ করে দেয়ার মাধ্যমে আপনি এর সুযোগ তৈরি করতে পারেন।

key concepts

- **ক্রমবৃদ্ধি:** ক্রমবৃদ্ধির অর্থ হলো সম্ভাব্য দ্বন্দ্বের ব্যাপ্তি, আয়তন বা সুযোগ বৃদ্ধি করা। সংঘাত বাড়তে পারে, এমন কাজগুলির মধ্যে রয়েছে গতি, উচ্চ ভলিউম, কম জায়গা, অনুপযুক্ত বিষয়বস্তু, ভুল ব্যক্তি, ভুল আচরণ, শারীরিক স্পর্শ, ব্যক্তিগত স্থানে অনধিকার প্রবেশ, অস্ত্রের ব্যবহার ইত্যাদি।
- **ক্রমহ্রাস:** ক্রমহ্রাসের অর্থ হলো সম্ভাব্য দ্বন্দ্বের ব্যাপ্তি, আয়তন বা সুযোগ কমিয়ে আনা। এর মূল কৌশলগুলির মধ্যে রয়েছে: ভলিউম কমানো, গতি কমানো, পরিসর বৃদ্ধি করা, বিশ্বস্ত বার্তাবাহক ব্যবহার করা, উপযুক্ত এবং সংবেদনশীল ভাষা, সহানুভূতি, সক্রিয় শ্রবণ এবং সংলাপ বা আলোচনায় অংশগ্রহণ করা।
- **সংলাপ বনাম বিতর্ক:** সাধারণত, সংলাপ হলো উদারমনা দৃষ্টিভঙ্গির সাথে শেখা এবং সহযোগিতার উপর ভিত্তি করে ভাবের আদান-প্রদান, এবং এই সংলাপ দ্বন্দ্বের গভীরতা কমাতে সাহায্য করে। বিতর্ক প্রায়শই জয়ের সাথে সম্পর্কিত, যা যুদ্ধমুখী এবং সংকীর্ণমনা হতে পারে এবং দ্বন্দ্বের গভীরতা বাড়তে পারে।

further information

- এখানে [Understanding Fight, Flight, Freeze and the Fawn Response](#) বিষয়ে আরও তথ্য রয়েছে।
- সংলাপ, মধ্যস্থতা ও আপ-আলোচনা সম্পর্কে আরও জানতে <https://www.usip.org/issue-areas/mediation-negotiation-dialogue> ভিজিট করুন, যেখানে পাঠ্য উপকরণ এবং বিনামূল্যে স্ব-নিয়ন্ত্রিত অনলাইন কোর্স পাবেন।
- হ্যান্ডআউট এবং অন্যান্য উপকরণের [Conflict Resolution - crc-global.org](#) ভিজিট করুন।
- দ্বন্দ্ব সমাধান ক্ষেত্রের বিষয়ে সামগ্রিক দৃষ্টিভঙ্গির জন্য উইকিপিডিয়ার [Conflict resolution](#) অংশটি বেশ উপযোগী।
- ক্রমহ্রাসের উপরে হ্যান্ডআউট, ইতিবাচক হস্তক্ষেপ, এবং একশন রোল ও স্ট্রিট স্মার্ট পাবেন এখানে:
 - [বিউটিফুল ট্রাবল থেকে Assertive Intervention/De-escalation Tips](#) হ্যান্ডআউট
 - [বিউটিফুল ট্রাবল থেকে Affinity Groups Action Roles/Street Smarts/Personal Prep](#) হ্যান্ডআউট
 - [The CLARA Method of De-escalation — Boundless Love Project](#)

দ্বন্দ্ব মোকাবেলা সম্পর্কিত প্রাথমিক জ্ঞান ক – মূল্যায়ন করা খ – স্বাস নেয়া বা নিজের মধ্যে মনোযোগ কেন্দ্রীভূত করা গ – নির্বাচন করা ঘ – গতি কমানো বা ... ঙ – গতি বাড়ানো	ইতিবাচক হস্তক্ষেপের ছয়টি “ডি”: ● প্রত্যক্ষ হস্তক্ষেপ ● বিলম্ব ● মনোযোগের বিচ্যুতি ● প্রতিনিধিত্ব করা ● দূরত্ব ● প্রমাণ্য তৈরি	ক্লার পদ্ধতি ● কেন্দ্রীভূত করা ● শোনা ● নিশ্চিত করা ● সাড়া দেয়া ● যোগ করা
---	--	--

training activities list

অনুশীলন	এটা কী	সময়	প্রয়োজনীয় কর্মশক্তির স্তর
বিবাদ সারি (Hassle Lines)	একটি বিবাদ সারি হল একটি ছোট রোল প্লে, যা একে অপরের মুখোমুখি হয়ে একসারিতে দাঁড়িয়ে করা হয়, যা দ্বন্দ্ব আচরণ এবং হস্তক্ষেপের স্বরিত ও বিশদ অনুসন্ধানের জন্য দরকারী।	১৫-৪৫ মিনিট	উচ্চ
সক্রিয় শ্রবণ (ACTIVE LISTENING)	সক্রিয় শ্রবণকে কর্মী এবং সংগঠকদের জন্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসাবে চিনতে পারা	১০-৪৫ মিনিট	নিম্ন-মধ্যম
একশন রোল প্লে (ACTION ROLE PLAY)	একশন রোল প্লে-গুলি হলো দলীয় শিখন, এবং সেইসাথে আরও কার্যকরী আন্দোলনের জন্য অনুশীলন ও মহড়াকে সহায়তা করার একটি প্রত্যক্ষ এবং শক্তিশালী উপায়।	৪৫-৬০ মিনিট	উচ্চ
আশু সতর্কতা, আশু পদক্ষেপ (EARLY WARNING, EARLY RESPONSE)	বিশদভাবে পরিচালিত একটি প্রক্রিয়া, যা আসন্ন সম্ভাব্য দ্বন্দ্ব পরিস্থিতিগুলির প্রস্তুতি এবং পদক্ষেপ নিতে সহায়তা করে, এবং যাকে অনুশীলনমূলক রোল প্লে-এর সাথে যুক্ত করলে সবচেয়ে কার্যকরী হয়	৩০ মিনিট-২ ঘন্টা	নিম্ন থেকে উচ্চ
প্রমাণ্য ও আলোচনামূলক কাজ (Documentary & Discussion activity)	ঐতিহাসিক অহিংস প্রতিরোধ আন্দোলনের প্রকৃত ফুটেজ সম্বলিত এই সংক্ষিপ্ত ভিডিও অংশগুলি দ্বন্দ্ব মোকাবেলা সম্পর্কিত আলোচনা শুরু করতে ব্যবহার করুন।	৩০ মিনিট -২ ঘন্টা	নিম্ন

